**AKASHVANI KOLKATA**

**Regional News Unit**

**Date: 27.08.2026** **Desk in Charge: SDG**

**Time: 7.35 AM** **Edit & Compile : Priya. B**

**DEO: KB** **NRT : Priya. B**

**Annoucement:-** আকাশবাণী/খবর পড়ছি –

## বিশেষ বিশেষ খবর –

১/ নেপালের হড়পা বাণ বিপর্যয়ের পর নিখোঁজ **১৩৩ জন ভারতীয়** নাগরিকের মধ্যে কলকাতার ৩২ জন রয়েছেন। **#** এখনো পর্যন্ত ১৬০ জনের মৃত্যুর খবর মিলেছে। **#**শোক প্রকাশ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর। **#**রাজ্য সরকারের তরফে চালু করা হয়েছে হেল্পলাইন নম্বর।

২/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে 'খেলো ইন্ডিয়া সম্বাদ'–এ দেশের যুব সমাজের উদ্দেশে বক্তব্য রাখবেন। **#**এরাজ্যের ৪৬ টি স্থানে যৌথভাবে এই কর্মসূচির আয়োজন করা হয়েছে।

৩/ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নিউটাউনের 'বেঙ্গল সিলিকন ভ্যালি'তে লার্সেন এন্ড টুব্রো গোষ্ঠীর ডেটা সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

৪/ দিল্লি-হাওড়া, হাওড়া-চেন্নাই এবং মুম্বাই-হাওড়া সহ সাতটি হাইডেন্সিটি রেলপথকে চার লেনের করা হবে বলে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন।

৫/ রাখিবন্ধন উপলক্ষ্যে আগামীকাল রাজ্যজুড়ে জাতীয় ঐক্য, ভ্রাতৃত্ব ও সামাজিক সম্প্রীতির বার্তা ছড়িয়ে দিতে একগুচ্ছ কর্মসূচির আয়োজন করছে রাজ্য সরকার।

*********************************************************************

নেপালের হড়পা বাণ বিপর্যয়ের পর নিখোঁজ **১৩৩ জন ভারতীয়** নাগরিকের মধ্যে **কলকাতার ৩২** জন রয়েছেন। একটি ভ্রমণ সংস্থার সঙ্গে তারা মানস সরোবর দর্শনে গিয়েছিলেন বলে খবর। এদের মধ্যে ৩০ জন পর্যটক, দুজন ভ্রমণ সংস্থার কর্মী। গতকাল সকালে দলটির নেপাল-তিব্বত সীমান্ত পেরোনোর কথা ছিল। সকাল সাড়ে আট'টার পর থেকে তাদের সঙ্গে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। এদিকে, নেপালে বেড়াতে গিয়ে আটকে পড়েছে, হুগলীর আরামবাগের ৬৫ জন পর্যটক বোঝাই একটি বাস। বর্তমানে বাসটি বিপর্যয়স্থল থেকে প্রায় ১২০ কিলোমিটার দূরে চেতন পার্কে রয়েছে। তাদের সঙ্গে যোগাযোগ করা গেলেও উদ্বেগে রয়েছেন পরিবারের লোকেরা। জানা গেছে, তিব্বতের সীমান্ত লাগোয়া এলাকায় ভূমিকম্পের মিনিট কয়েক পরই রাশুয়া জেলার ভোতেকোশী নদীতে হড়পা বাণ নামে। এরপরই কাদামাটির প্রবল স্রোতে ভেসে যায় একাধিক গ্রাম। এখনো পর্যন্ত অন্ততঃ **১৬০ জনের মৃত্যুর খবর মিলেছে**। **নিখোঁজ ৭৫০-এর** বেশী। হড়পা বাণের জেরে ত্রিশূলী নদীর জলস্তর বেড়েছে। নূয়াকোট এবং ধারিং জেলা ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ইতমধ্যেই নেপালের প্রধানমন্ত্রী বলেন্দ্র শাহ-র সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। প্রতিবেশী দেশকে সহায়তার জন্য ভারত থেকে ১০ টন ত্রাণ সামগ্রী এবং অত্যাবশ্যক ওষুধপত্র পাঠানো হয়েছে।

**মুখ্যমন্ত্রী শুভেন্দু** অধিকারী এই দুর্ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি জানান, রাজ্য সরকার প্রতিবেশী নেপালের পাশে রয়েছে। পশ্চিমবঙ্গ সরকার প্রতিনিয়ত কাঠমান্ডুতে ভারতীয় দূতাবাস এবং প্রশাসনিক কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় রেখে কাজ করছে। নিখোঁজ ও আটকে পড়া ব্যক্তিদের তথ্য সংগ্রহের কাজ চলছে। তাদের সহায়তায় রাজ্য সরকারের তরফে দুটি হেল্পলাইন নম্বর চালু করা হয়েছে। এগুলি হলঃ- **০৩৩-২৪৭৯-৩৩১১ এবং ৯১৪-৭৮৯০-১৮১** । ভবানীভবনে পৃথক পুলিশ কন্ট্রোল রুম চালু করা হয়েছে। কাঠমান্ডুতে ভারতীয় দূতাবাসের তরফে চালু করা হেল্পলাইন নম্বর হলঃ- ৯৭৭-৯৮৫-১৩১-৬৮০৭ এবং ৯৭৭-৯৭০-৯১০-৭৫০০ ।

প্রদেশ **কংগ্রেস সভাপতি শুভঙ্কর** সরকার এই ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে, নিখোঁজ ভারতীয় ও বাঙ্গালী পর্যটকদের ফিরিয়ে আনতে যাবতীয় পদক্ষেপ গ্রহণের জন্য কেন্দ্র ও রাজ্য সরকারের প্রতি আবেদন জানিয়েছেন।

************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে খেলো ইন্ডিয়া সম্বাদ-কর্মসূচিতে দেশের যুব সমাজের উদ্দেশে বক্তব্য রাখবেন। জাতীয় ক্রীড়া দিবস উদযাপনের অঙ্গ হিসেবে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির প্রতিটি জেলার দুটি করে নির্বাচিত কলেজের পড়ুয়ারা এতে অংশ নেবেন।

এরাজ্যের ৪৬ টি স্থানে মাই ভারত পশ্চিমবঙ্গ, ন্যাশনাল সার্ভিস স্কিম-NSS, এবং স্পোর্টস অথরিটি অফ ইন্ডিয়া কলকাতার সঙ্গে যৌথভাবে এই কর্মসূচির আয়োজন করছে। IIT খড়গপুর, ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনোলজি দুর্গাপুর, হাওড়ার উলুবেড়িয়া কলেজ এতে অংশ নিচ্ছে। উলুবেড়িয়া কলেজের অধ্যক্ষ ডক্টর লিপিকা মণ্ডল জানালেন- (বাইট-অধ্যক্ষ)

বিশিষ্ট ক্রীড়াবিদ ও খেলোয়াড়রা অনুষ্ঠানে উপস্থিত থেকে ছাত্রছাত্রীদের সঙ্গে কথা বলবেন।

যুব নেতৃত্বাধীন বিকশিত ভারত গঠনে যুব সমাজের মতামত গ্রহণ, ক্রীড়া ক্ষেত্রে তাঁদের অংশগ্রহণ বৃদ্ধি এই কর্মসূচির লক্ষ্য।

উল্লেখ্য, আগামী ২৯শে আগস্ট হকির জাদুকর মেজর ধ্যানচাঁদের জন্মদিনটি জাতীয় ক্রীড়া দিবস হিসেবে পালন করা হবে।

************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ নিউটাউনের ‘বেঙ্গল সিলিকন ভ্যালি’তে লার্সেন এন্ড টুব্রো গোষ্ঠীর একটি ডেটা সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। কয়েক হাজার কোটি টাকা বিনিয়োগে এই প্রকল্প সম্পূর্ণ চালু হলে রাজ্যের তরুণ পেশাদারদের জন্য কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

উল্লেখ্য, সেমি কন্ডাকটর নিয়ে রাজ্য সরকারের কাছে ইতিমধ্যে বেশ কিছু প্রস্তাব জমা পড়েছে। শিল্পায়নের লক্ষ্যে রাজ্য সরকার খুব শীঘ্রই ৩৩-টি শিল্প সংস্থাকে জমি হস্তান্তর করবে বলে মুখ্যমন্ত্রী আগেই জানিয়েছিলেন।

************************

দিল্লি-হাওড়া, হাওড়া-চেন্নাই এবং মুম্বাই-হাওড়া সহ সাতটি হাইডেন্সিটি রেলপথ-কে চার লেনের করা হবে বলে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন।

সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি জানিয়েছেন, প্রায় **১১** হাজার কিলোমিটার জুড়ে বিস্তৃত এই হাইডেন্সিটি রেলপথগুলিকে চার লেনে উন্নীত করা হলে, যাত্রী ও পণ্য পরিবহণের ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন আসবে। সড়ক পরিবহণের তুলনায় রেল পরিবহনে পরিবেশগত এবং অর্থনৈতিক সুবিধার কথা তিনি তুলে ধরেন।

************************

কলকাতা পুরসভা নির্বাচনে প্রার্থী বাছাই-এর জন্য বিজেপি কমিটি গঠন করেছে। সেই কমিটি'ই, প্রার্থী মনোনয়ন করবে এবং দলের রাজ্য সভাপতির অনুমোদনে তা' চূড়ান্ত হবে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী তথা কলকাতা পুরভোটে বিজেপির ইনচার্জ সুকান্ত মজুমদার জানিয়েছেন। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, স্বচ্ছ ভাবমূর্তি এবং দীর্ঘদিন দলের সঙ্গে যুক্ত রয়েছেন, এমন ব্যক্তিকেই প্রার্থী হিসেবে বাছাই করা হবে। ( **বাইট- সুকান্ত**/ পুরসভা)

পুরসভা নির্বাচনে বিজেপি ভাল ফল করবে বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করে তিনি জানান, **১৫**'ই ডিসেম্বরের আগেই ভোট প্রক্রিয়া সম্পন্ন করা প্রয়োজন। পুরভোটের দিনক্ষণ নিয়ে রাজ্য নির্বাচন কমিশন'ই যাবতীয় সিদ্ধান্ত নেবে বলেও তিনি জানান।

এদিকে, তৃণমূল কংগ্রেসের বিক্ষুদ্ধ বিধায়ক সন্দীপন সাহা জানিয়েছেন, তারা পুরদমে এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন।

( বাইট- সন্দীপন সাহা )

অন্যদিকে কলকাতা পুরসভার আসন্ন নির্বাচন নিয়ে **CPIM** প্রস্তুত বলে দলের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী জানিয়েছেন। তিনি বলেছেন, গণতান্ত্রিক পরিবেশে ভোট সম্পন্ন করার দায়িত্ব, রাজ্য ও নির্বাচন কমিশনের।

( বাইট- সুজন )

*************************

রাখিবন্ধন উপলক্ষ্যে আগামীকাল রাজ্যজুড়ে জাতীয় ঐক্য, ভ্রাতৃত্ব ও সামাজিক সম্প্রীতির বার্তা ছড়িয়ে দিতে একগুচ্ছ কর্মসূচির আয়োজন করছে রাজ্য সরকার। এজন্য তথ্য ও সংস্কৃতি দফতর, সব জেলাশাসক এবং কলকাতা পুরসভার কমিশনারকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছে। বলা হয়েছে, গ্রাম পঞ্চায়েত থেকে জেলা সদর, পুরনিগম ও পুরসভার বাছাই করা ওয়ার্ডে অনুষ্ঠান হবে। তেরঙ্গা-থিমের রাখি বিনিময়ের পাশাপাশি রবীন্দ্রসঙ্গীত, লোকসংগীত ও অন্যান্য সাংস্কৃতিক পরিবেশনার আয়োজনের ওপর জোর দেওয়া হয়েছে।
স্থানীয় শিল্পী, সাংস্কৃতিক সংগঠন এবং সাধারণ মানুষের অংশগ্রহণ নিশ্চিত করার নির্দেশ দেওয়া হয়েছে। অনুষ্ঠান শেষে প্রতিটি জেলা প্রশাসনকে ছবি ও সংক্ষিপ্ত প্রতিবেদন, তথ্য ও সংস্কৃতি দফতরে জমা দিতে হবে।

*************************

কলকাতা আন্তর্জাতিক বইমেলা আগামী বছরের বাইশে জানুয়ারি শুরু হয়ে তেসরা ফেব্রুয়ারি পর্যন্ত চলবে। ন্যাশনাল বুক ট্রাস্ট, রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সংঘ, পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ড, পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্র ও রামমোহন লাইব্রেরী যৌথভাবে এবার বইমেলার আয়োজন করছে।
নবান্নে চলতি মাসে দু-দফায় আয়োজিত বৈঠকে বইমেলার সুবর্ণজয়ন্তী উদযাপন ২৪ সদস্যের একটি পরামর্শদাতা কমিটি গঠন করা হয়।

*************************

পূর্ব মেদিনীপুরের দীঘার প্রায় ৫০ নটিক্যাল মাইল দূরত্বে অন্ধ্রপ্রদেশের একটি বিকল হয়ে পড়া ট্রলার সমেত সাত জন মৎস্যজীবীকে উদ্ধার করা হয়েছে। বিশাখাপত্তনম থেকে

গত তেসরা আগস্ট ওই মৎস্যজীবীরা ট্রলারে মাছ ধরতে বেরিয়েছিলেন। তার দুদিন পরই যন্ত্র বিকল হয়ে পড়ায় সমুদ্রে ভাসতে থাকে ট্রলারটি। এরপর দীঘার একটি ট্রলার তাদের উদ্ধার করে। ৬'জন মৎস্যজীবী সুস্থ থাকলেও, একজন দীঘা স্টেট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন।

***********************

বীরভূমের তারাপীঠে কৌশিকী অমাবস্যায় ভীড় সামাল দিতে ভক্তদের মন্দিরের গর্ভগৃহে প্রবেশ করতে দেওয়া হবে না। মন্দির কমিটির তরফে জানানো হয়েছে, VIP-দের ক্ষেত্রেও নিয়মে অন্যথা হবে না। সকলকে লাইনে দাঁড়িয়ে মন্দিরে প্রবেশ করতে হবে। দীর্ঘক্ষণ লাইনে দাঁড়ানোর বদলে তাড়াতাড়ি বিগ্রহ দর্শন করিয়ে দেওয়ার নামে ভক্তদের কাছ থেকে টাকা নেওয়ার অভিযোগের প্রেক্ষিতে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

***********************

উত্তর ২৪ পরগনার সন্দেশখালিতে অস্ত্র মজুতের অভিযোগে তৃণমূল কংগ্রেসের পঞ্চায়েত সদস্য, শেখ শাহজাহান ঘনিষ্ঠ সমীর সর্দারকে পুলিশ গ্রেফতার করেছে। কোড়াকাটি গ্রাম পঞ্চায়েতের ওই সদস্যের পুকুর থেকে উদ্ধার হয়েছে তিনটি বন্দুক ও ৩২ রাউন্ড কার্তুজ।

গোপন খবরের ভিত্তিতে বসিরহাট জেলা পুলিশের এসওজি ও সন্দেশখালি থানার পুলিশ যৌথ অভিযান চালিয়ে অস্ত্র উদ্ধার করে।

*****************************************************************